সিদ্ধান্ত-দর্পণঃ

(টীকা ও বঙ্গানুবাদসহ)

মূল্য ॥৵

শ্রীমদ্ বলদেব বিদ্যাভূষণ

—কর্ত্তৃক বিরচিত—

শ্রীশ্রীলীলাতত্ত্বকুসুমাঞ্জলি

(প্রথম সংস্করণ)

প্রকাশক—

শ্রীহরিদাস ভট্টাচার্য্য

লীলাবতী ভক্তিশাস্ত্রপীঠ,

নবদ্বীপ।

মুদ্রাকর—শ্রীপরেশ নাথ গোস্বামী

শ্রীআর্ট প্রেস

১০৫নং, হারিসন রোড, কলিকাতা।

সিদ্ধান্ত-দর্পণঃ।

শ্রীমদ্ বলদেব বিদ্যাভূষণ
কর্ত্তৃক বিরচিত।

টীকা ও বঙ্গানুবাদসহ।

।/০

প্রকাশিকের নিবেদন।

সর্ব্ববেদান্তরত্নাকরকুম্ভযোনি শ্রীমদ্ বলদেব বিদ্যাভূষণ মহোদয় এই গ্রন্থের প্রণেতা। এই গ্রন্থের নাম "সিদ্ধান্ত দর্পণ"। এই নাম করণের হেতুরূপে গ্রন্থকর্ত্তা নিজেই তৃতীয় শ্লোকে বলিয়াছেন—সাধুগণের প্রিয় বেদসিদ্ধান্ত ; সেই বৈদিকসিদ্ধান্ত সমূহই এই গ্রন্থে প্রকাশিত হইয়াছে বলিয়া ইহার নাম সিদ্ধান্ত দর্পণ রাখা হইল। এই গ্রন্থের আরও বৈশিষ্ট এই যে সর্ব্বপুরাণ চক্রবর্ত্তি শ্রীমদ্ ভাগবতের সর্ব্বোপরি প্রামাণ্যতা প্রকটিতা করিয়াছেন।

এই গ্রন্থের টীপ্পনীকার শ্রীমদ্ নন্দ মিশ্র নামক পণ্ডিতপ্রবর।

অস্মদীয় শ্রীগুরুবিষ্ণুপাদপদ্ম কি প্রকারে এই শ্রীগ্রন্থের সংগ্রহ করিয়াছিলেন, তাহা আমাদের অজ্ঞাত। তবে তাঁহার অমুদ্রিত গ্রন্থরাজির মধ্যে পাইয়া সাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করিলাম। আশা করি সদ্ভক্তগণের হৃদয়গ্রাহি হইবে। নিবেদন ইতি—

প্রকাশক—
শ্রীভাগবতী বিদ্যা পক্ষে—
সম্পাদক।

সিদ্ধান্তদর্পণঃ।

(প্রথমা প্রভা)

শ্রীহরি র্জীয়াৎ ॥

পিতা পরাশরো যস্য শুকদেবস্য যঃ পিতা।
তং ব্যাসং বদরীবাসং কৃষ্ণ দ্বৈপায়নং ভজে ॥১॥

নিত্যং নিবসতু হৃদয়ে চৈতন্যাত্মা মুরারি র্নঃ।
নিরবদ্যো নির্বৃতিমান্ গজপতিরনুকম্পয়া যস্য ॥২॥

টীকা ঃ— ওঁ নমঃ শ্রীরঙ্গায় বিঘ্নহর্ত্রে ॥ শ্যামোঽপি শ্রুতি সরোরুহবোধরক্তঃ শান্তোঽপি যঃ স্তুতি তমস্ততি মন্তরস্থাং। প্রত্যকৃপদং দিশতি যঃ পরমং স্বগোভি র্ব্যাসং তমদ্ভুতরবিং শরণং প্রপদ্যে ॥ বেদং তদ্বাচ্যঞ্চ পরেশং দুর্দ্ধিয়োনাস্তিকা ন মন্বন্তে কেচিচ্চাস্তিকাভাসাঃ সমাশ্রয়ন্ত্যর্দ্ধকুক্কুটীয়ং তানেতান্ দুর্ম্মুখান্ নিরাকর্ত্তুং সিদ্ধান্তদর্পণং নাম প্রকরণং নিবধ্নন্ স্বপ্রাচারতাং শ্রীব্যাসভক্তিং তন্মুখে মঙ্গলত্বেন লিখতি পিতেতি। ভজে প্রণত্যাদিভি রনুকুলয়ামীত্যর্থঃ। পরাশর-পিতৃকত্বেনাস্যেশ্বরত্বং ব্যজ্যতে। কৃষ্ণ দ্বৈপায়নং ব্যাসং বিদ্ধি নারায়ণং প্রভুমিতি শ্রীবৈষ্ণবাৎ। শুকপিতৃত্বেন বিশুদ্ধভক্তি সমুপদেশিত্বঞ্চ। তস্য ভক্তি র্ভজতো বাঞ্ছিতসিদ্ধি করীতি চ ॥১॥

টীকা ঃ— স্বয়ং মঙ্গলমাচরতি নিত্যমিতি। অত্র কৃষ্ণশ্চৈতন্যো মুরারিশ্চেতি ত্রয়োঽর্থা বর্ণিতাঃ। আদ্যেপক্ষে মুরারিঃ কৃষ্ণঃ। চৈতন্যাত্মা চিদ্বিগ্রহঃ। গজপতি গ্রাঁহক্লিষ্টো গজেন্দ্রঃ। নিরবদ্যো বিগত-পশুভাবঃ, নির্বৃতিমান্ প্রাপ্তপার্ষদতনুঃ। দ্বিতীয়ে চৈতন্যং আত্মা বিগ্রহঃ। মুরারিঃ সংসৃতিকুৎসাবিনাশী। গজপতিরুৎকলাধীশঃ। নিরবদ্য স্ত্যক্তরাজসঃ। নির্বৃতিমানবাপ্ত প্রেমানন্দঃ। তৃতীয়ে মুরারিঃ স্বপূর্ব্ব চতুর্থঃ। চৈতন্যাত্মা শচীসুতৈকনিষ্ঠঃ। গজপতি র্গোপালদাসাখ্যঃ কবিরাজঃ। নিরবদ্য স্ত্যক্তহিংসঃ। নির্বৃতিমান্ সৎ সেবানন্দিতঃ। অত্রাদ্যপক্ষো বাচ্যঃ। অন্যৌ তু ব্যঙ্গৌ ॥২॥

বঙ্গানুবাদ ঃ—

শ্রীহরি জয়যুক্ত হউন।

যাঁহার পিতা পরাশর, যিনি শুকদেবের পিতা, সেই বদরীকাশ্রমবাসী কৃষ্ণদ্বৈপায়ন ব্যাসকে ভজনা করি।১।

প্রথমপক্ষে— যাঁহার অনুকম্পায় গ্রাহক্লিষ্ট গজপতি পশুভাব ত্যাগপূর্ব্বক পার্ষদদেহ প্রাপ্ত হইয়াছিল. সেই চিদ্ঘনবিগ্রহ শ্রীকৃষ্ণ আমাদের হৃদয়ে নিত্য বাস করুন।

দ্বিতীয়পক্ষে— যাঁহার কৃপায় উৎকলাধীশ (প্রতাপ রুদ্র) রাজাভিমানাদি ত্যাগ করিয়া প্রেমানন্দ লাভ করিয়াছিলেন, সেই সংসাররূপ কুৎসাবিনাশী চৈতন্যনামক বিগ্রহ (কলিপাবনাবতার শ্রীমদ্ গৌরচন্দ্র) আমাদের অন্তঃকরণে নিরন্তর বাস করুন।

তৃতীয়পক্ষে যাঁহার অনুগ্রহে গোপালদাস নামক কবিরাজ ত্যক্তহিংস হইয়া সাধু সেবানন্দে আনন্দিত হইয়াছিলেন সেই শ্রীগৌরাঙ্গনিষ্ঠ মুরারি (রসিকানন্দ দেব) আমাদের হৃদয়ে সর্ব্বদা বাস করুন। ২॥

যদস্মিন্ বেদসিদ্ধান্তাঃ প্রকাশন্তে সতাং প্রিয়াঃ।
তেনায়ং ভণ্যতে গ্রন্থো নাম্না সিদ্ধান্তদর্পণঃ ॥৩॥
একমেব পরং তত্ত্বং বাচ্যবাচক ভাবভাক্।
বাচ্যঃ সর্ব্বেশ্বরো দেবো বাচকঃ প্রণবো ভবেৎ ॥৪॥

মৎস্যকূর্ম্মাদিভী রূপৈ র্যথা বাচ্যো বহু র্ভবেৎ।
বাচকোপি তথার্গাদিভাবাদ্বহুরুদীর্য্যতে ॥৫॥

টীকাঃ—প্রকৃতং গ্রন্থং স্তৌতি যদিতি। বেদসিদ্ধান্তা বেদস্য নিত্যত্ব-ভগবদ্রূপত্বেতিহাস-পুরাণরূপস্বরূপাঃ প্রকাশন্তে সম্যক্ প্রতীতা ভবন্তীত্যর্থঃ। সতাং বৈদিকানাং হরিভক্তানাং ॥৩॥

টীকাঃ—গ্রন্থমবতারয়তি একমিতি। এতদ্বৈ সত্যকাম পরঞ্চাপরঞ্চ ব্রহ্ম যদোঙ্কার ইতি ষট্‌প্রশ্ন্যাং বাচ্যবাচকয়োরীশ্বরোঙ্কারয়োরভেদো দর্শ্যতে। এব মন্যত্র চ ॥৪॥

টীকাঃ—দ্বয়ো র্বহুরূপতামাহ মৎস্যেতি। বাচ্যঃ সর্ব্বেশো যথা মৎস্যাদিরূপৈ র্বহু মূর্ত্তি স্তথা বাচকোঽপি প্রণব ঋগ্‌যজুঃ সামার্থর্ব্বেতিহাস পুরাণাদিরূপৈর্ব্বহুরূপো ভবতি। একোপি সন্ বহুধা যোঽবভাতীতি শ্রীগোপালতাপন্যাং। একানেকস্বরূপায়েতি শ্রীবৈষ্ণবে চ বাচ্যস্য বহুরূপত্বং। সর্ব্বে বেদাঃ প্রণবাদিকা ইত্যারভ্য হবৈ প্রণবস্য যা পূর্ব্বা মাত্রা পৃথিব্যকার ইত্যাদিনাকারোকার মকারার্দ্ধমাত্রা স্তস্য বাচকস্য ক্রমাদৃগ্‌যজুঃ সামাথর্ব্বানি ভবন্তীতি শ্রীনৃসিংহতাপন্যামভিধানাৎ প্রণবস্য র্গাদিরূপত্বং। এবস্বা অরে অস্য মহতো ভূতস্য নিঃশ্বসিতমেতদ্ যদৃগ্বেদো যজুর্বেদঃ সামবেদোঽথর্ব্বাঙ্গিরস ইতিহাসঃ পুরাণং বিদ্যা উপনিষদঃ শ্লোকাঃ সূত্রান্যনুব্যাখ্যানীতি বৃহদারণ্যকাৎ। ইতিহাস পুরাণস্য বক্তারং সম্যগেবহি। মাঞ্চৈব প্রতিজগ্রাহ ভগবানীশ্বরঃ প্রভুঃ॥ এক আসীদ্ যজুর্ব্বেদ স্তঞ্চতুর্দ্ধা ব্যকল্পয়ৎ। চাতুর্হোত্রমভূত্তস্মিংস্তেন যজ্ঞমকল্পয়ৎ। আধ্বর্য্যবং যজুর্ভিস্তু ঋগ্‌ভি র্হোত্রং তথৈব চ। ঔদ্গাত্রং সামভিশ্চৈব ব্রহ্মত্বঞ্চাপ্যথর্ব্বভিঃ॥ আখ্যানৈশ্চাপ্যুপাখ্যানৈ র্গাথাভির্দ্বিজসত্তমাঃ। পুরাণসংহিতাং চক্রে পুরাণার্থ বিশারদঃ। যচ্ছিষ্টং তু যজুর্ব্বেদ ইতি শাস্ত্রার্থ নির্ণয় ইতি বায়ুপুরাণে সূতোক্তেশ্চেতিহাস পুরাণয়ো র্বেদত্বং ॥৫॥

বঙ্গানুবাদঃ—

যেহেতু এই গ্রন্থে বৈদিক হরিভক্তজনের প্রীতিপদ বেদসিদ্ধান্ত সকল (অর্থাৎ বেদ নিত্য, শ্রীভগবদ্রূপ এবং ইতিহাস পুরাণরূপ ইত্যাদি সিদ্ধান্ত সকল) প্রকাশ পাইতেছে, সেইহেতু এই গ্রন্থ সিদ্ধান্ত দর্পণ নামে কথিত হইতেছে। ৩॥

একই পরতত্ত্ব (অর্থাৎ অচিন্ত্যানন্ত শক্তিমান্ অদ্বয় জ্ঞানতত্ত্বই) বাচ্য এবং বাচক ভাববিশিষ্ট। বাচ্য অর্থেশ্বর শ্রীকৃষ্ণ, আর বাচক প্রণব। ৪॥

বাচ্য সর্ব্বেশ্বর শ্রীভগবান্ যেপ্রকার মৎস্য কূর্ম্মাদিরূপে বহু হন, সেইপ্রকার বাচক প্রণবও ঋগ্‌ যজুঃ প্রভৃতি ভাবে বহু হয়। ৫॥

আদ্যন্তরহিতত্বেন দ্বয়ং নিত্যং প্রকীর্ত্ত্যতে।
আবির্ভাবতিরোভাবৌ স্যাতামস্য যুগে যুগে ॥৬॥

জগতঃ সপ্রতীকত্বাৎ কার্য্যত্বং সর্ব্বসম্মতং ॥৭॥

টীকা ঃ— অথোভয়ো র্নিত্যত্বমাহ আদ্যন্তেতি। আদি র্জন্ম অন্তো বিনাশঃ তদ্রহিতত্বেন বাচ্যবাচকরূপং বস্তুদ্বয়ং নিত্যমুচ্যতে। তমাদিমধ্যান্তবিহীনমিতি কৈবল্যোপনিষদি। জ্ঞাজ্ঞৌ দ্বাবজাবীশানীশাবিতি শ্বেতাশ্বতরোপনিষদি। তদেব শুক্রং তদ্ব্রহ্ম তদেবা মৃতমুচ্যতে ইতি কঠবল্ল্যাং। অবিকারায় শুদ্ধায় নিত্যায় পরমাত্মনে। সদৈকরূপায় বিষ্ণবে সর্ব্বজিষ্ণবে॥ অপক্ষয়বিনাশাভ্যাং পরিণামর্দ্ধি জন্মভিঃ। বর্জ্জিতঃ শক্যতে বক্তুং যঃ সদাস্তীতি কেবলমিতি শ্রীবৈষ্ণবে বাচ্যস্য সর্ব্বেশস্য নিত্যত্বং প্রকীর্ত্ত্যতে। বাচাবিরূপনিত্যয়েতি শ্রুত্যা। অনাদিনিধনা নিত্যা বাগুৎসৃষ্টা স্বয়ম্ভুবা। আদৌ বেদময়ী দিব্যা যতঃ সর্ব্বাঃ প্রবৃত্তয় ইতি স্মৃত্যা চ বাচকস্য বেদস্য নিত্যত্বং প্রকীর্ত্ত্যতে ইত্যর্থঃ। নন্থ ব্রহ্মাবিষ্ণুরুদ্রেন্দ্রাঃ স্তে সর্ব্বে প্রসূয়ন্ত ইতি সর্ব্বেশস্য বিষ্ণোরুৎপত্তিশ্রুতা। দেহবিনাশশ্চ স্মর্য্যতে ভারতাদিষু। বেদস্যাপি শব্দরাশিত্বাদুৎপত্তিবিনাশৌ দুর্ব্বারৌ ততঃ কথং তয়ো নিত্যত্বং তত্রাহাবির্ভাবিতি। অন্যোভয়াত্মকস্য বস্তুতো জন্মবিনাশৌ ন স্তঃ কিন্ত্বাবির্ভাবতিরোভাবৌ ভবেতাং। ব্রহ্মেত্যাদি শ্রুতৌ বিষ্ণোরুৎপত্তি স্তেষু তস্য সঙ্গতিরেব চৌরেষ্বিব রাজ্ঞঃ। উৎপত্তি প্রতিষেধাদেব দেহনাশোঽপি নসম্ভবতি। বেদস্যাপি নিত্যত্বং প্রতিপাদয়িষ্যতে ॥৬॥

টীকা ঃ— এবমাস্তিকান্ প্রতি শ্রুত্যাদি প্রমাণেনেশ্বরবেদৌ নিত্যৌ দর্শিতৌ। অথ বেদাবমন্তৃন্নাস্তিকান্ প্রত্যনুমান প্রমাণেন তৌ তথা দর্শ্যেতে। তত্র জগৎকর্ত্তৃত্বেয়েশ্বরোঽনুমেয়ঃ। তদর্থং জগতঃ কর্ত্তৃত্বং তাবদাহ জগত ইতি সপ্রতীকত্বাৎ সাবয়বত্বাৎ। অঙ্গং প্রতীকোঽবয়ব ইত্যমরঃ। তদয়ং প্রয়োগঃ। ইদং জগৎ কার্য্যং সাবয়বত্বাদ্ ঘটাদিবৎ। যন্ন সাবয়বং ন তৎ কার্য্যং পরমাণুবদ্ বিয়দ্বা ইতি সর্ব্বেষাং বৌদ্ধাদীনাং তার্কিকানাঞ্চাভিমতং। এতেন ন কদাচিদনীদৃশং জগদিতি তন্নিত্যত্ববাদিনাং কর্ম্মজড়ানাং মতমপাস্তং। তে হ্যেবমনুমিম্বন্তি। ইদং জগন্নকার্য্যং মনসাপ্যবিভাব্য-মানরচনত্বাৎ। ন খলু ভূধরসাগরদিকং দিগাকাশাদিকঞ্চ কেনচিৎ সুমেধসাপি শক্যং মনসাপি রচয়িতুমতোঽনাদিসিদ্ধং নিত্যমেতৎ। যঃ কল্পঃ স কল্পপূর্ব্ব ইতি যুক্তেশ্চানাদিত্বমস্য। ঈদৃশমপি জগৎ সত্যসঙ্কল্পেনেশ্বরেণ সুকরমিতি তৎ পরিহারো বক্ষ্যমাণো ভাবী ॥৭॥

বঙ্গানুবাদঃ—

জন্ম বিনাশের অভাবহেতু বাচ্য সর্ব্বেশ্বর এবং বাচকবেদ এই দুই বস্তু নিত্য বলিয়া কথিত হয়। এই বাচ্য বাচকাত্মক পরতত্ত্বের যুগে যুগে আবির্ভাব আর তিরোভাব হয়। (বস্তুতঃ এই দুয়ের জন্ম বিনাশ নাই, এই দুই নিত্য।) ॥৬॥

জগৎ সাবয়ব, সুতরাং কার্য্যরূপ, ইহা সর্ব্ববাদি সম্মত ॥৭॥

সংঘাতঃ পরমাণূনাং নাস্তিকৈ র্যঃ প্রকল্প্যতে।
স তু স্থিরস্য সংহন্তু রস্বীকারান্ন সিদ্ধ্যতি ॥৮॥

প্রধানস্য ন কর্ত্তৃত্বং জড়ত্বাদেব সাম্প্রতং ॥৯॥

ঈদৃশস্য ন কর্ত্তা স্যাজ্জীবঃ শক্তেরদর্শনাৎ ॥১০॥

টীকা ঃ—জগদ্রূপে কার্য্যে মতান্তরাণি নিরাকরোতি সংঘাত ইতি। পার্থিবাদয় শ্চতুর্ব্বিধাঃ পরমানবঃ পৃথিব্যাদিভাবেন যুগপৎ সংঘাতং ভজন্তে ইতি ভাবক্ষণিকবাদিনো বৌদ্ধাঃ। পৃথিব্যাদি সংঘাত-হেতবঃ পরমাণবো ন চতুর্ব্বিধাঃ কিন্তেকস্বভাবা এব পরিমাণাত্তু পৃথিব্যাদিরূপো বিশেষঃ ইত্যার্হতাঃ স্যাদ্বাদিনঃ প্রাহুঃ, তৈঃ কল্পিতোঽয়ং সংঘাতো ন সম্ভবতি স্থিরস্য সংহন্তু শ্চেতনস্য তৈরস্বীকৃতত্বাদিতি সূত্রভাষ্যে অস্য বিস্তারঃ ॥৮॥

টীকা ঃ—বিভূপুরুষচ্ছায়য়া সচেতনং প্রধানং জগৎকর্ত্তৃ স্যাদিতি সাংখ্যা মন্যন্তে তান্নিরস্যতি প্রধানস্যেতি। তদয়ং প্রয়োগঃ প্রধানং ন জগৎকর্ত্তৃ জড়ত্বাৎ কাষ্ঠাদিবৎ। জ্ঞানেচ্ছাপ্রযত্নবতঃ কুলালাদে র্ঘটাদি কর্ত্তৃত্বং লোকে দৃষ্টং। কাষ্ঠাদিতুল্যে প্রধানে জ্ঞানাদ্যভাবান্নতস্য জগৎকর্ত্তৃত্বং। পুরুষচ্ছায়য়া লব্ধচৈতন্যং তচ্চেত্তৎকর্ত্তৃ স্বীক্রিয়তে তর্হি পুরুষস্যৈব তত্ত্বং। ন খলু তপ্তায়সো দগ্ধৃত্বময়োনিমিত্তমপিবহ্নি নিমিত্ত মেবেতি ॥৯॥

টীকা ঃ—অদৃষ্টদ্বারা জীবো জগৎকর্ত্তেতি কেচিদাহু স্তান্নিরস্যতি ঈদৃশস্যেতি। অনেকৈ র্মহীধরৈঃ সাগরৈ শ্চাত্যদ্ভুতৈ রূপেতস্য চতুর্দ্দশভুবনাত্মকস্যানন্তকর্ত্তৃ-ভোক্তৃযুক্তস্যাসংখ্যেয় ভোগ্য ভোগস্থা-নস্যাতর্ক্যরচনস্য জগত ইত্যর্থঃ। তদয়ং প্রয়োগঃ জীবোঽস্মদাদি র্ন জগৎকর্ত্তা তাদৃশ তন্নির্ম্মাণে তস্য শক্ত্যভাবাৎ। ব্যতিরেকে ঈশ্বরবৎ। ন চাদৃষ্টং তস্য শক্তিঃ। ঈদৃশাদৃষ্টস্যানুপার্জ্জনাৎ। ন চ সর্ব্বাদৃষ্টং তত্র দ্বারং। সর্ব্বৈঃ সম্ভূয় তাদৃগদৃষ্টমুপার্জ্জিতমিত্যর্থে শ্রুত্যাদি প্রমাণাভাবাদতিতুচ্ছ মেতৎ ॥১০॥

বঙ্গানুবাদঃ—

ভাবক্ষণবাদিবৌদ্ধ এবং স্যাদ্বাদিজৈন প্রভৃতি নাস্তিকসকল পরমাণুর সংঘাত (জগৎকারণ বলিয়া) কল্পনা করে, কিন্তু সেই সংঘাত সিদ্ধ হয় না, যেহেতু স্থির কোনও চেতন সংহন্তৃ বস্তু তাহারা স্বীকার করে না ॥৮॥

সম্প্রতি জড়ত্বহেতু প্রধান (প্রকৃতি) এই জগতের কর্ত্তা নহে ॥৯॥

ঈদৃশ জগতের কর্ত্তা জীব হইতে পারে না, কারণ ঈদৃশ জগন্নির্ম্মাণে জীবের শক্তি দেখা যায় না ॥১০॥

অতো জ্ঞানাদিভি র্ধর্ম্মৈ র্বিশিষ্ট স্ত্রিভিরীশ্বরঃ।
এতস্য জগতঃ কর্ত্তা স নিত্যঃ সদকারণঃ ॥১১॥
নির্দ্দোষেশ্বরবাক্যত্বাদ্বেদঃ প্রামাণ্যমশ্নুতে ॥১২॥

টীকা ঃ—তর্হি কোঽস্য জগতঃ কর্ত্তেতি চেত্তত্রাহ অত ইতি। পরমাণুষু সংঘাত কর্ত্তৃতায়াঃ প্রধানে পরিণাম কর্ত্তৃতায়াশ্চাসম্ভবাজ্জগনির্ম্মাণে শক্তেরদর্শনাচ্চেত্যর্থঃ। ঈশ্বর এব জগৎকর্ত্তা ভবদ্ভিরনুমাতব্যো গলে নিপতিত ইতি ভাবঃ। তদয়ং প্রয়োগঃ। ইদং জগৎ সকর্তৃকং সাবয়বত্বাদ্ ঘটাদিবৎ। যন্নৈবং তন্নৈবং। যথা পরমাণু র্যথা চাকাশমিতি। তৎকর্ত্তা চেশ্বর এব। তস্যৈব সর্ব্বজ্ঞস্য সত্যোচ্ছস্য দ্ব্যণুকমহীধর সাগরাদি জগন্নির্ম্মাণে শক্তত্বাৎ। নন্বনেনানুমানেন তৎকর্ত্তা সিদ্ধো ন তু তৎ কর্ত্তৃত্ব নির্ব্বাহকং জ্ঞানেচ্ছাদীতি চেত্তদপি তেনৈব ধর্ম্মিগ্রাহকেন সিদ্ধতীত্যাহ জ্ঞানাদিভি স্ত্রিভি র্বিশিষ্ট ইতি। তেনানুমানেন জগৎকর্তৃকতয়া সিধ্যন্ ধর্ম্মীশ্বরঃ স্বকর্ত্তৃকত্বনির্ব্বাহকং জ্ঞানেচ্ছাপ্রযত্নলক্ষণৈঃ ধর্ম্মত্রয়মাদায়ৈব লোকে তদ্বতঃ কর্ত্তৃত্বদর্শনাদিত্যর্থঃ। নন্বস্তীশ্বরো জগৎকর্ত্তা কিন্তু নিত্যঃ সঃ। জগৎকর্ত্তৃত্বাচ্চতুর্ম্মুখবদিতি চেত্তত্রাহ স ইতি। হেতুগর্ভং বিশেষণং। তদয়ং প্রয়োগঃ। ঈশ্বরো নিত্যঃ সত্ত্বে সত্যকারণকত্বাৎ। যন্নৈবং তন্নৈবং। যথা চ ঘটপ্রাগভাবো, যথা চ ঘটঃ। ঘটপ্রাগভাবস্যাকারণকত্বেপ্যসত্ত্বাৎ ঘটস্য চ সত্ত্বেপি সকারণকত্বান্ন নিত্যত্বং অধিকন্তু সমূলমিত্যত্র বক্ষ্যতে। এতেনেশ্বরঃ ক্ষণিকঃ সত্ত্বাদ্ যৎসত্তৎ ক্ষণিকং যথা মেঘ ইত্যনুমানং নিরস্তং। ন চ সত্ত্বাদিতি সদ্ধেতুঃ, ব্যাপ্যত্বাসিদ্ধত্বাৎ। তদ্বক্ষ ব্যাপ্তি গ্রাহকপ্রমাণাভাবাৎ। ন চ সত্ত্বস্য হেতোঃ ক্ষণিকত্বেন সহ ব্যাপ্তৌ প্রমাণং নিশ্চিতং। সতঃ শৈলাদেঃ ক্ষণিকত্বাদর্শনাৎ। এবং এতদ্বেদেপি নিরস্তং বেদিতব্যং ॥১১॥

টীকা ঃ—এবং জ্ঞানাদিগুণকমীশ্বরং নিত্যমাপাদ্য তদ্বাক্যত্বাদ্বেদস্য প্রামাণ্যং গ্রাহয়তি নির্দ্দোষেতি। ভ্রমঃ প্রমাদো বিপ্রলিপ্সা করণাপাটবঞ্চেতি বক্তৃদোষা ভবন্তি। তদ্রহিতেনেশ্বরেণ বক্ত্রা প্রযুক্তে বেদবাক্যে দোষবৎ পুরুষাপ্রণীতত্বেন প্রামাণ্যস্য সহচারাৎ তেনৈব হেতুনাতস্মিন্ প্রামাণ্যং সিদ্ধং। দোষবৎপুরুষপ্রণীতং তু বাক্যমপ্রমাণং। যথা কাপিলাদিতন্ত্রং। অয়মর্থঃ—ছন্দাংসি জজ্ঞিরে তস্মাদিত্যাদি-শ্রুতেরীশ্বরজন্যত্বেন যদ্যপি বেদস্যানিত্যত্বমসন্দেহং তথাপি নির্দ্দোষ সর্ব্বজ্ঞ কৃতত্বাৎ তস্য প্রামাণ্যমবাধং যথার্থ জ্ঞানকরণত্বাৎ। কপিলাদেস্তু জীবত্বেন ভ্রমাদি দোষ সম্ভবাত্তদ্বাক্যমপ্রমাণমিতি। নন্বৃষভস্য বুদ্ধস্য চেশ্চরত্বাৎ তদ্বাক্যং প্রমাণং স্যাৎ। নৈবং। তস্য-তস্য চানুমিতেশ্বরতয়াঽনঙ্গীকারাৎ। ঈশ্বরঃ খলু নিত্যঃ সার্ব্বজ্ঞ্যাদিগুণনকোঽনুমিতঃ। স্যাদ্বাদে ক্ষণিকবাদে চ কূটস্থো ভাবোনাস্তীতি ন তয়ো স্তাদৃগীশ্বরত্বমতস্তদ্বাক্যমপ্রমাণং। কিঞ্চ। ন খল্বর্হৎ সিদ্ধান্ত ঋষভেণোপদিষ্টো ন চার্হতাপি স দৃষ্টঃ কিন্তু মায়াময়ীং তচ্চেষ্টাং লোকেভ্যঃ শ্রুত্বা দুরদৃষ্টভাক্ স তাং দধার জনান্ দুরদৃষ্টান্ ধর্ম্মাদ্ ভ্রংশয়ামাস. স চেশ্চরঃ কর্ম্মানুসারি ফলমর্পয়ন্নবিষম ইতি ভাষ্যপীঠকে নিরূপিতং। বুদ্ধশ্চাসুরান্ যজ্ঞাদ্ ভ্রংশয়িতুংহিংসা ব্যপদেশেন তথোপদিদেশ, ন তু তস্মিন্নুপদেশে তস্য তাৎপর্য্য-গন্ধোঽপীতি তাৎপর্য্যবিদঃ। তথাচ তদ্ব্যামোহফলকাণ্ডপ্রায়দৃষ্টপূর্ব্বকত্বাৎ তদুপদেশস্য ন প্রামাণ্যমিতি ॥১২॥

বঙ্গানুবাদ ঃ—এই হেতু জ্ঞানেচ্ছাপ্রযত্ন এই তিনটি ধর্ম্ম দ্বারা বিশিষ্ট ঈশ্বরই এই জগতের কর্ত্তা, তিনি নিত্য, কারণশূন্য সৎ ॥১১॥

দোষশূন্য ঈশ্বরবাক্য হওয়ায় বেদ প্রমাণ বলিয়া কথিত হয় ॥১২॥

ধর্ম্মিগ্রাহকমানেন জ্ঞানেচ্ছাকৃতয়ো যথা।
ভবেয়ুরীশ্বরে সিদ্ধা স্তথা দেহেন্দ্রিয়াসবঃ ॥১৩॥

যথা জ্ঞানাদিকং নিত্যমীশ্বরস্য প্রকীর্ত্ত্যতে।
তস্য নিঃশ্বসিতং বেদ স্তথা নিত্যঃ প্রকীর্ত্তিতাং ॥১৪॥

টীকা ঃ—এবং নাস্তিকান্ প্রতি নিত্যো নিত্যজ্ঞানাদিগুণক ঈশ্বরো জগৎকর্ত্তৃকতয়া সাধিতঃ। বেদস্য চ সর্ব্বজ্ঞেশ্বর প্রণীতত্বাৎ প্রামাণ্যং সাধিতং তার্কিকমুখেন। তত্রেশ্বরস্য সবিগ্রহত্বং বেদস্য চ নিত্যত্বঞ্চ ন সিদ্ধং। তদিদং দ্বয়ং সাত্বতৈকদেশিমতেন সাধয়িতুমাহ ধর্ম্মীতি। যথা লোকে জ্ঞানেচ্ছাকৃতিমতঃ কর্ত্তৃত্বদর্শনাৎ কর্ত্তৃতয়ানুমিতে ঈশ্বরে কর্ত্তৃত্ব নির্ব্বাহকং জ্ঞানাদি, ধর্ম্মিগ্রাহকেন তেনৈবানুমানেন সাধ্যতে তথা লোকে দেহাদিমতঃ কর্ত্তৃত্বদর্শনাৎ কর্ত্তৃত্বনির্ব্বাহিদেহাদিকমপি সাধনীয়মিত্যর্থঃ। কর্ত্তৃত্বস্য দেহাদিব্যাপ্যত্বাৎ। নন্থ কুলালাদীনাং চেষ্টাং বিনা কৃতিমাত্রেণ ঘটাদিকরণেঽসামর্থ্যাচ্চেষ্টাশ্রয়দেহাদি ভবতি সহকারি। ঈশ্বরস্য তু কৃতিমাত্রেণ সর্ব্বকরণে সামর্থ্যান্নদেহাদেরপেক্ষেতি চেন্মৈবমেতৎ। কর্ত্তৃত্বনির্ব্বাহে জ্ঞানাদিমত্ত্বস্যেব দেহাদিমত্ত্বস্যাপ্যন্বয়ব্যতিরেকাভ্যাং সিদ্ধেঃ। যত্র কুলালাদিষু কর্ত্তৃত্বং তত্র দেহাদিমত্ত্বং দৃষ্টং। যত্র মুক্তাত্মসু দেহাদিমত্ত্বাভাব স্তত্র ন কর্ত্তৃত্বমিতি। ন চ সাবয়বত্বেন তদ্দেহস্যাপি অনিত্যত্বং। তস্যাকর্ম্মজনিত্যত্বেনা-নিত্যত্বাভাবাৎ। ইতরথা জ্ঞানস্যাপ্যনিত্যত্ব নিয়মেণ তজ্ জ্ঞানস্যাপ্যনিত্যত্বং স্যাৎ। নন্থ চেষ্টাং বিনাপি প্রযত্নমাত্রেণৈব কার্য্যকরণে সামর্থ্যান্নেশ্বরস্য চেষ্টাশ্রয় দেহাদি স্বীকার্য্যমিতি চেন্ন। বিনাপীচ্ছাপ্রযত্নৌ জ্ঞান-মাত্রেণৈব তস্মিন্ সামর্থ্যান্নতত্রেচ্ছাদিকমপি স্বীকার্য্যমিত্যপি সুবচত্বাৎ। নন্থ দেহস্য পরিচ্ছিন্নত্বনিয়মেন যুগ-পন্নিখিল দেশগত কার্য্যানুপপত্তিরিতি চেন্নৈতচ্চতুরস্রং। নিত্যস্য তদ্দেহস্যাচিন্ত্যশক্ত্যা যুগপৎ সান্নিধ্যাৎ। জাতিবৎ। যথা গোত্বাদ্যাজাতিঃ প্রতিব্যক্তিপর্য্যাপ্তাপি সর্ব্বাসু ব্যক্তিষ্বেকা তথা প্রতিকার্য্যপর্য্যাপ্তোঽপি তদ্দেহঃ সর্ব্বত্রৈক এবেতি ন কিঞ্চিচ্ছিন্নং। যত্তু মহত্ত্বাদুদ্ভূতরূপবত্ত্বাচ্চ তস্য দেহস্য প্রত্যক্ষতাপত্তিরিত্যুচ্যতে তচ্চাপাব-তম্যং। দেবাদি দেহবদন্তর্দ্ধান শক্তিযোগেন তস্যাপি অপ্রত্যক্ষত্বাৎ। এতেন কার্য্যস্য দেহাদিমৎ কর্ত্তৃপূর্ব্বকত্ব-নিয়মোঽঙ্কুরাদিষু দেহাদিমতঃ কর্ত্তুরনুপলম্ভান্নিরস্ত ইতি প্রত্যুক্তং। যত্তু জীবাদৃষ্টসংপাদিত দেহাদিকমীশ্বরো ভূতাবেশন্যায়েনবিশ্য কৃতকার্য্যস্তদাবেশং ত্যজতি নতু তস্মিন্ স্বাভাবিকং দেহাদ্যস্তি জ্ঞানাদিত্রয়াতিরিক্তবিশেষ্য ধর্ম্মাভাবাদিত্যাহ স্তদিদং কুবুদ্ধিবিজৃম্ভিতমেব। ঈদৃশকল্পনায়াং প্রমাণাভাবান্নিত্যদেহত্বে প্রমাণসত্ত্বাচ্চ। তস্মাদীশ্বরে জ্ঞানাদিবদ্দেহাদিকমপি ধর্ম্মিগ্রাহকেণৈব প্রমাণেন সিদ্ধং ॥১৩॥

টীকা :—নন্থ প্রকৃতে কিমাগতং তত্রাহ যথেতি। যথেশ্বরে কর্ত্তৃত্বনির্ব্বাহকং জ্ঞানাদিত্রয়ং ধর্ম্মিগ্রাহকমানেন তার্কিকেন স্বীকৃতং নাস্তিকান্ প্রতি চ যুক্তিকশয়া তৎ স্বীকারিতং। তথাস্মাভি স্তার্কিকা-দীন্ তয়ৈব তন্নির্ব্বাহকং দেহাদি স্বীকারিতং। যথেশ্বরস্য জ্ঞানাদিকমৈশ্বরত্বান্নিত্যং। তথা নিঃশ্বসিতরূপো বেদোঽপ্যৈশ্বরত্বাদেব নিত্য ইত্যনিচ্ছাদ্ভিরপি তৈঃ স্বীকার্য্যং। এতেন ছন্দাংসি জজ্ঞিরে তস্মাদিতি জন্যত্ব-শ্রবণাদ্বেদস্যানিত্যত্বং যন্মন্যন্তে তন্নিরস্তং। জনেঃ প্রাদুর্ভাবার্থকত্বেন বিবক্ষিত ব্যাঘাতাৎ। যচ্চ ত্রয়ো বেদস্য কর্ত্তারো মুনিভণ্ডনিশাচরা ইতি সৌগতৈ বেদস্য মুন্যাদিবিরচিতত্বমুক্তং তদপি প্রত্যুক্তং। তেহি পাপবাসনা-ভূ্যদিতান্বিদ্বেষাত্তথা কল্পয়ন্তি। যত্তু নিঃশ্বসিতস্য বায়ুরূপত্বাত্তস্যাক্ষররাশিরূপত্বমসম্ভবীত্যাহুস্তদপীষদ্বিষণং। অবিচিন্ত্যত্বেন তৎ সম্ভবাৎ। ন হ্যস্মৎ প্রাণবত্তৎপ্রাণো বায়ুরূপঃ কিন্তু ঐশ্বরত্বাত্তদ্বিলক্ষণ এবেতি কিমনুপপন্নং। অপিচ্য, জলাদেঃ কথঞ্চিদগ্ন্যাদি রূপত্বং স্যাদ্বাদে বিজ্ঞানস্য ঘটাদ্যর্থাকারত্বং বিজ্ঞানবাদে। বহুত্বসংখ্যায়াঃ কার্য্যত্বং স্থৌল্যারম্ভবাদে ব্রুবন্ত স্তেত্রয় স্তন্নিঃশ্বসিতস্যাতর্ক্যস্যাক্ষররাশিরূপত্বং বক্তুং কথং ত্রপন্তে ॥১৪॥

বঙ্গানুবাদ ঃ—ধর্ম্মি গ্রাহকানুমান দ্বারা যেমন ঈশ্বরে জ্ঞান ইচ্ছা কৃতি (প্রযত্ন) সিদ্ধ হইতেছে, সেই প্রকার উক্তরূপ অনুমান দ্বারা ঈশ্বরে দেহেন্দ্রিয়প্রাণ সিদ্ধ হয়।১৩॥

ঐশ্বরিক বলিয়া জ্ঞানাদি ধর্ম্মত্রয় যেমন ঈশ্বরে নিত্য বলিয়া কথিত হয়, সেই প্রকার ঈশ্বরের নিঃশ্বাস-রূপ বেদও ঐশ্বরিক বলিয়া নিত্য স্বীকার কর।১৪॥

বেদস্যাপৌরুষেয়ত্বমেবং কেচিৎ প্রচক্ষতে।
বেদস্যাধ্যয়নং সর্ব্বং গুর্ব্বধ্যয়নপূর্ব্বকম্।
বেদাধ্যয়ন সামান্যাদধুনাধ্যয়নং যথেতি ॥১৫॥
তৃতীয় ক্ষণবিধ্বংসো যঃ শব্দস্যোচ্যতে পরৈঃ।
স তু ভ্রমঃ স্যান্নিত্যস্য তিরোভাবস্তু যুজ্যতে ॥১৬॥
ঈশ্বরো বিভুবিজ্ঞানসুখাত্মা শ্রুতিভি র্মতঃ।
বিজ্ঞানঘন শব্দাদে মূর্ত্তিঃ স তু তথা'বিধঃ ॥১৭॥

টীকাঃ—অথ বৈদিকৈক দেশিমতেন বেদস্যাপৌরুষেয়ত্বং তাবদাহ। নন্থ বেদঃ পৌরুষেয়ঃ শাস্ত্রত্বাৎ স্মৃতিশাস্ত্রবৎ কাঠকাদি সংজ্ঞাতশ্চেতি চেত্তত্রাহ বেদস্যেতি। কেচিদিতি অস্মদুক্তলক্ষণং বেদম-স্বীকুর্ব্বন্তঃ কর্ম্মজড়া ইত্যর্থঃ। অপৌরুষেয়ত্বে তেষামনুমানং দর্শয়তি বেদস্যেতি। বেদাধ্যয়নসামান্যং পক্ষং কৃত্বা গুর্ব্বধ্যয়ন পূর্ব্বকত্বে সাধিতে পরিশিষ্টমপৌরুষেয়ত্বং সিধ্যেদেবেতি ভাবঃ ॥১৫॥

টীকাঃ—বেদানিত্যত্ববাদিন স্তার্কিকাংস্তন্মুখেন নিরাকরোতি। নন্থ বেদো নিত্যো ন, শব্দরাশিত্বাৎ। শব্দস্য চোৎপন্নঃ কো, বিনষ্টঃ ক ইতি বুদ্ধেরনিত্যত্বমসন্দেহমিতি চেত্তত্রাহ তৃতীয়েতি। শব্দস্য তৃতীয়ক্ষণধ্বংস প্রতিযোগিত্বং যত্তদ্বুদ্ধ্যুদয়াত্তার্কিকৈরুচ্যতে স খলু ভ্রম এব। তথা ব্রুবন্তস্তে ভ্রান্তা ইত্যর্থঃ। বস্তুতস্তু নিত্যস্য তস্য তিরোভাব এব যুক্ত ইত্যাহ নিত্যস্যেতি। তদয়ং প্রয়োগঃ—শব্দো নিত্যঃ। নিত্যাকাশ গুণত্বাদাকাশনিষ্ঠমহাপরিমাণবৎ। ব্যতিরেকে ঘটাদিনিষ্ঠহ্রস্বাদিবৎ। অনিত্যত্বে শব্দগুণ-মাকাশমিতি লক্ষণাসিদ্ধিঃ। বায়ুপ্রেরণাপ্রেরণাভ্যাং শব্দস্য ব্যক্ত্যব্যক্তী স্যাতাং। ন তু স্বরূপবিনাশাত্মা ধ্বংসঃ। ন হি ঘটে গৃহান্তর্নিগতে তস্য ধ্বংসঃ শক্যতে বক্তুং। ব্যক্ত্যব্যক্তী আবির্ভাবতিরোভাবৌ এবঞ্চ শব্দ-মাত্রস্য নিত্যত্বং সিদ্ধং ইত্যাকাশনিত্যত্বাশ্রয়ণেনানুমানমেতৎ। তদনিত্যত্ববাদে ত্বাপেক্ষিকং তদিদমমৃতাদেবা ইতিবৎ ॥১৬॥

টীকাঃ—এবং তার্কিকযুক্ত্যা নাস্তিকান্ প্রতি ঈশ্বরবেদৌ জগৎকর্তৃপ্রমাণভূতৌ নিরূপ্য সাত্বতৈকদেশি যুক্ত্যা চ তার্কিকান্ প্রতি তৌ সবিগ্রহনিত্যৌ প্রদর্শ্য তেষু তেষু চার্জবং গতেষু তয়ো র্যাথার্থ্যাং শ্রুতিনয়েন স্বয়ং বক্তুং প্রবর্ত্ততে ঈশ্বর ইত্যাদিভিঃ। বিভুবিজ্ঞানানন্দরূপো য আত্মা স এবেশ্বরো ন তু বিশ্বোপাধিঃ সত্ত্বতনুঃ। বিজ্ঞানমানন্দং ব্রহ্ম মহান্তং বিভুমাত্মানমিত্যাদি শ্রুতিভ্যঃ। স চ তথাভূতো মূর্ত্ত এবেত্যাহ বিজ্ঞানেতি। বিজ্ঞানঘনানন্দঘনেত্যাদিশ্রুতেরেবেত্যর্থঃ। মূর্ত্তৌ ঘন ইতি ভগবান্ পানিনিঃ। কাঠিন্যেঽর্থে হন্তেরপ্ ঘনশ্চাদেশ ইতি সূত্রার্থঃ। অন্যথা শ্রুতির্ব্যাকুপ্যেৎ। তস্য মূর্ত্তত্বং স্বচিন্ত্যশক্তিসিদ্ধং। অচিন্ত্যশক্তিঃ পুরুষঃ পুরাণ ইত্যাদি শ্রুতেঃ ॥১৭॥

বঙ্গানুবাদঃ—কেহ কেহ বেদের অপৌরুষেয়ত্ব এইভাবে নিরূপণ করেন। বেদাধ্যয়ন মাত্রেই, অর্থাৎ যেখানে যেখানে বেদাধ্যয়ন আছে সর্ব্বত্রই উহা গুর্ব্বধ্যয়ন পূর্ব্বক, ইহা প্রসিদ্ধ, অধুনা অধ্যয়নেও ইহা দেখা যায়। গুর্ব্বধ্যয়ন পূর্ব্বকত্ব হেতু পরিশেষ মানে বেদের অপৌরুষেয়ত্ব আপনিই আসিয়া যাইতেছে ॥১৫॥

তার্কিকসকল বলেন শব্দ তৃতীয়ক্ষণে ধ্বংস হয়। ইহা তাঁহাদের ভ্রম। শব্দ ধ্বংস হয় না। নিত্য বস্তুর তিরোভাব হয়, ইহাই বলা উচিত ॥১৬॥

বিভুবিজ্ঞান সুখ অর্থাৎ সৎ-চিৎ-আনন্দরূপ যে আত্মা সেই ঈশ্বর, ইহা শ্রুতিসম্মত। সেই ঈশ্বর সচ্চিদানন্দাকারবিশিষ্ট, যেহেতু শ্রুতি তাঁহাকে বিজ্ঞানঘন, আনন্দঘন ইত্যাদি কীর্ত্তন করিতেছেন ॥১৭॥

বিশেষাদ্দেহিভাবেন গুণিত্বেন চ স প্রভুঃ।
সত্তাস্তীত্যাদিবদ্ভাতি বিদুষামপি সর্ব্বদা ॥১৮॥

স মূলং কিল সর্ব্বস্য ন মূলং তস্য বিদ্যতে ॥১৯॥

অচিন্ত্যশক্তিসম্বন্ধাদ্বেদরূপো বিভাত্যসৌ ॥২০॥

টীকা:—স নির্ভিন্ন এবেশ্বরো বিশেষবলাদ্দেহদেহিভাবেন গুণগুণিভাবেন চ বিদুষামপি ভাসতে। সত্তা সতী কালঃ সর্ব্বদা স্তীত্যাদৌ সত্তাদেঃ সত্তাশ্রয়ত্ববৎ। ন চ সত্তাসতীত্যাদিধী র্ভ্রমঃ। সন্ ঘট ইত্যাদিবদবাধাৎ। ন চারোপঃ। সিংহো দেবদত্তো নেতিবৎ সত্তাসতী নেতি কদাপ্যব্যবহারাৎ। ন চ সত্তাদেঃ সত্তাদ্যন্তরাভাবেঽপি স্বভাবাদেব সতীত্যাদি ব্যবহারঃ। তথৈবেহতচ্ছব্দেনোক্তেঃ। তস্মান্নির্ভেদেঽপি বস্তুনি ভেদব্যবহারো বিশেষাদেব। বিশেষশ্চ ভেদপ্রতিনিধি র্ন ভেদঃ। স চার্থাপত্তিসিদ্ধোঽবশ্যমভ্যুপেয়ঃ। তং বিনা বিশেষণবিশেষ্যভাবাদিকং ন সম্ভবেৎ। স চ বস্তুভিন্নঃ স্বনির্ব্বাহকশ্চেতি নানবস্থা। তস্য তাদৃশত্বঞ্চ ধর্ম্মিগ্রাহক প্রমাণসিদ্ধং জগৎকর্ত্তুরিব সার্ব্বজ্ঞ্যাদি ইত্যধিকং তু ভাষ্যপীঠকস্যমন্তকেষু বিলোকনীয়মিতি ॥১৮॥

টীকা ঃ—নন্বু জগন্মূলতয়া কির্ত্ত্যমানস্যাপি বিরিঞ্চাদে র্নারায়ণমূলকত্বকীর্ত্তনান্নারায়ণস্যাপি কিঞ্চিন্মূলং ভাবীতিচেত্তত্রাহ স মূলমিতি। স পরেশো নারায়ণঃ সর্ব্বস্যকার্য্যস্য মূলং। মূলং বিষ্ণুর্হি দেবানামিত্যাদিবচনেভ্যঃ। ন হি তস্য মূলমস্তি মূলে মূলাদর্শনাৎ। এবামেবাহ কপিলো মূল প্রকৃতিং নিরূপয়ন্। মূলে মূলাভাবাদমূলং মূলমিতি। সর্ব্বেষাং বাদীনাং খলু মূলকারণং কিঞ্চিদভ্যুপেয়ং। অন্যথানবস্থাপত্তি র্দুর্ব্বারা। বিরিঞ্চ্যাদে মূলত্বং তু ভ্রান্তানুবাদরূপমতো ন তেষাং তত্ত্বং। অতো যত্ত্বয়া মূলং বক্তব্যং তদস্মাকং নারায়ণ ইতি ॥১৯॥

টীকা ঃ—এবং ধর্ম্মিণমীশ্বরং নিত্যমাপাদ্য বেদং নিত্যমাপাদয়তি অচিন্ত্যেতি। অসৌ চতুর্ভুজদেবাকারো নারায়ণো যথাচিন্ত্যশক্ত্যা তদ্বিলক্ষণো হংসাদিস্তথা নিঃশ্বসিতাংশেনাবিষ্কৃতাক্ষররাশিরনাদিতো বিভাতীতি নিত্যত্বং বেদস্য সিদ্ধং। এবমেবোক্তং শ্রুতৌ। এতদ্বৈ সত্যকামেত্যাদিনা। তথৈকাদশে চ। বেদো নারায়ণঃ সাক্ষাৎ স্বয়ম্ভু রিতি শুশ্রুম ইতি ॥২০॥

বঙ্গানুবাদ ঃ—

সেই ঈশ্বর বিশেষ বলে দেহদেহিভাবে ও গুণগুণিভাবে সত্তাস্তীত্যাদিবৎ সর্ব্বদা বিদ্বানদিগের নিকট প্রকাশ পান ॥১৮॥

সেই ঈশ্বরই সকলের মূল কারণ, তাঁহার কারণ কেহ নাই ॥১৯॥

অচিন্ত্যশক্তিতে সেই ঈশ্বরই বেদরূপে প্রকাশিত হন ॥২০॥

(ক্রমশঃ)

সিদ্ধান্তদর্পণঃ।

(প্রথমা প্রভা)

(পূর্ব্বপ্রকাশিতের পর)

যদসৌ বাচকোঽভ্যেতি ক্রমেণৈকেন সর্ব্বদা।
আবির্ভাবমতস্তস্য বুধা নিত্যত্ব মূচিরে ॥২১॥
স্যান্নিত্যাকৃতিবাচিত্বাৎ কর্ত্রভাবাচ্চ নিত্যতা।
কাঠকাদিসমাখ্যা তু তদুচ্চারণ হেতুকা ॥২২॥

টীকাঃ—নারায়ণ রূপত্বান্নিত্যত্বং বেদস্য শব্দাদাপাদিতং। অথানুমানেনাপি তদাহ যদিতি। অসৌ বাচকো বেদো যেন ক্রমেণ যয়া স্বরবর্ণ ঘটিতয়ানুপূর্ব্ব্যা পূর্ব্বকল্পে ঈশ্বরাদাবির্বভূব তেনৈব ক্রমেণ পরকল্পেঽপ্যাবির্ভবত্যতস্তস্য নিত্যত্বং বধা স্বায়ম্ভুবাদয় উচিরে। তদয়ং প্রয়োগঃ। বেদো নিত্য একানুপূর্ব্বিকতয়া প্রতিকল্পমবির্ভাবাৎ। যথৈকস্বভাবতয়া পুনঃ পুনরাবির্ভাবান্মৎস্যকূর্ম্মাদিরীশ্বরাবতারঃ। যন্নৈবং তন্নৈবং যথা মুহুর্মুহুরুৎপদ্যমানোঽস্মদাদি জীবদেহ ইতি ॥২১॥

টীকাঃ—অনুমানান্তরমাহ স্যাদিতি। বেদো নিত্য ইন্দ্রাদ্যর্থাকৃতিবাচিত্বাৎ। গোত্বাদিবাচি গবাদি শব্দবৎ। যন্নৈবং তন্নৈবং। যথা যজ্ঞদত্তাদি শব্দঃ। যথা গোত্বাদি জাতয়ো নিত্যা স্তথেন্দ্রাদ্যাকৃতয়শ্চ। বিশ্বকর্ম্মনির্ম্মিতে শাস্ত্রে এতা আকৃতয়ঃ প্রসিদ্ধাঃ। চিত্রকর্ম্ম প্রসিদ্ধয়ে ইন্দ্রং বজ্রহস্তং বরুণং পাশহস্তং যমঞ্চ দণ্ডহস্তং লিখন্তি। ইন্দ্রাদিব্যক্ত্যুৎপত্তেঃ পূর্ব্বং স্থিতায়াঃ (তস্যাঃ) স্মৃত্বা বিরিঞ্চি স্তত্তদ্ব্যক্তীঃ সৃষ্টবানতো নিত্যাস্তাঃ। অপরমনুমানমাহ। বেদো নিত্যঃ কর্ত্তৃশূন্যত্বাৎ কালবৎ। যন্নৈবং তন্নৈবং। যথা আধুনিককাব্যাদিঃ। শব্দনিত্যত্বপক্ষে নিয়তানুপূর্ব্ব্যভাবাদ্ যজ্ঞদত্তাদি শব্দানামাধুনিককাব্যাদিনাঞ্চানিত্যত্বং বোধ্যং। নন্বু নিত্যশ্চেদ্বেদঃ কর্ত্তৃশূন্যস্তার্হি কাঠকাদিসংজ্ঞা তস্য কথং। কঠেন প্রোক্তং কাঠকমিত্যাদি তদ্ব্যুৎপত্তেরিতি চেত্তত্রাহ কাঠকাদীতি। কঠেন প্রোক্তমুচ্চারিতং ন তু রচিতং নিত্যত্ব শ্রবণ ব্যাকোপাদিতি কঠাদীনাং যদুচ্চারণং তদ্ধেতুকেত্যর্থঃ। এতদুক্তং ভবতি। মহাপ্রলয়াবসানে সর্ব্বেশ্বরেণাকৃতিবিদা সৃষ্টোঽধ্যাপিতবেদশ্চ ব্রহ্মা বৈদিকৈঃ কঠাদিশব্দৈ স্তত্তদাকৃতী বিচিন্ত্য তত্তদ্ব্যক্তীস্তত্তচ্ছক্তিযুক্তা নির্ম্মায় তত্তদুপাধীন্ জীবাং স্তত্তদ্‌গ্রন্থ প্রবর্ত্তনে বিনিযুঙ্‌ক্তে। তেঽপি তদ্দত্তজ্ঞানশক্তয়ঃ পূর্ব্ব পূর্ব্ব কঠাদি প্রবর্ত্তিতাং স্তান্ স্বরতো বর্ণতশ্চাস্খলিতানধীত্য প্রবর্ত্তয়ন্তীতি নিত্যত্বং বেদস্য সিদ্ধং। এবমাহশ্রুতিঃ। "যো ব্রহ্মাণং বিদধাতিপূর্ব্বং যোবৈ বেদাংশ্চ প্রহিণোতি তস্মৈ" ইতি। স্মৃতিশ্চ। যথার্ত্তাবৃতু লিঙ্গানি নানারূপানি পর্য্যয়ে। দৃশ্যন্তে তানি তান্যেব তথাভাবা যুগাদিষু। যুগান্তে তর্হি তান্ বেদান্ সেতিহাসান্মহর্ষয়ঃ। লেভিরে তপসাপূর্ব্বমনুজ্ঞাতাং স্বয়ম্ভুবেত্যাদ্যা। এবং পুরাণেষু মার্কণ্ডেয়াদি সংজ্ঞাশ্চ বোধ্যাঃ ॥২২॥

বঙ্গানুবাদঃ—এই বাচক বেদ পূর্ব্ব পূর্ব্ব কল্পে যে ক্রমে আবির্ভূত হইয়াছেন, পর পর কল্পেও ঠিক সেই একই ক্রমে আবির্ভূত হন। অতএব বিদ্বানসকল বেদকে নিত্য বলেন ॥২১॥

ইন্দ্রাদির যে আকৃতি বেদে বলা হইয়াছে, সেই আকৃতিবিশিষ্ট ইন্দ্রাদি প্রতিকল্পে সৃষ্ট হয়; অতএব নিত্যাকৃতিবাচী বলিয়া বেদ নিত্য এবং কর্ত্তার অভাব হেতুও বেদ নিত্য। কাঠকাদি যে সংজ্ঞা তাহা কঠাদির উচ্চারণকে হেতু করিয়াই ॥২২॥

জীববাক্যেষু লভ্যন্তে জীবধর্ম্মভ্রমাদয়ঃ।
বেদেষু নৈব তে সন্তি নিত্যত্ববচনাচ্চ যে ॥২৩॥
সাধনং যৎফলঞ্চাহ যথায়ং যদ্বিশারদঃ।
তথৈব সর্ব্বৈ র্নিপুণৈ র্যথোক্তং তৎ প্রলভ্যতে ॥২৪॥
অতো ব্রহ্মাদিভি র্দেবৈ র্বশিষ্ঠাদ্যৈ র্মহর্ষিভিঃ।
মন্বাদ্যৈশ্চাপি বেদোঽয়ং সর্ব্বার্থেষুপজীব্যতে ॥২৫॥

টীকা ঃ—বেদস্য নির্দ্দোষত্বং বক্তুমাহ জীবেতি। ভ্রমঃ প্রমাদো বিপ্রলিপ্সা করণাপাটবঞ্চেতি চত্বারো জীবেষু দোষাঃ। তত্রাতস্মিংস্তদ্বুদ্ধিঃ ভ্রমঃ অনবধানতা প্রমাদঃ। স্বপ্রতীতবিপরীত প্রত্যায়নং বিপ্রলিপ্সা। ইন্দ্রিয়মান্দ্যং করণাপাটবং। জীবাঃ খলু শুক্তিকাদিষু রজতাদীনিব প্রতিযন্তি। স্বান্তিকে জায়মানং গানমন্যত্র নিহিতমনসো ন শৃণ্বন্তি। জ্ঞানখলাঃ স্বাবগতানপি অর্থান্ শিষ্যেষু ন প্রকাশয়ন্তি নিহিতমনসোঽপি করণমান্দ্যাদ্ যথাবদ্বস্তূনি ন গৃহ্ণন্তি ইতি প্রসিদ্ধং। তত্র তে দোষা তদ্বাক্যেষু চ সংক্রমন্তে। অতঃ কপিলাদি সিদ্ধান্তানাং পরস্পরং ব্যাহতি র্দৃষ্টা। নত্বেতে দোষা বেদে সন্তি। তস্য ভগবদ্রূপত্বেন সর্ব্বজ্ঞত্বাৎ ॥২৩॥

টীকা ঃ—নির্দ্দোষত্বে হেতুমাহ সাধনমিতি। অয়ং বিশারদঃ সর্ব্বজ্ঞো বেদঃ। যৎ সাধনং কারীর্য্যাদি যদাহ তস্য ফলং বৃষ্ট্যাদি যদাহ তত্তথৈব সর্ব্বৈ র্নিপুণৈর্যথোক্তং প্রলভ্যতেঽনুভূয়তে। কারীর্য্যা বৃষ্টিঃ। পুত্রেষ্ট্যা পুত্রঃ জ্যোতিষ্টোমেন স্বর্গঃ জ্ঞানেন মোক্ষশ্চোচ্যতে, বেদেন তৎসর্ব্বং যথাবৎ দৃষ্টমতো ভ্রমাদিদোষ-শূন্যো বেদঃ ॥২৪॥

টীকা ঃ—নিপুণাঃ সর্ব্বে তে কে ইত্যপেক্ষায়ামাহ অত ইতি। যস্মাদিত্যো নির্দ্দোষো বেদঃ অতো ব্রহ্মাদিভি র্মহত্তমৈঃ সর্ব্বৈঃ সর্ব্বেষু ধর্ম্মার্থকামমোক্ষেষু ফলেষু নিমিত্তেষু এষ বেদ উপজীব্যতে আশ্রীয়তে। তদুক্তান্যনুষ্ঠায় তৎফলান্যবাপ্যন্ত ইত্যর্থঃ ॥২৫॥

বঙ্গানুবাদ ঃ—ভ্রম, প্রমাদ, বিপ্রলিপ্সা, করণাপাটব এই চারিটি দোষ জীবের ধর্ম্ম, সুতরাং জীববাক্যেতে এই সকল দোষ থাকে, কিন্তু বেদবাক্যে এই সমস্ত দোষ নাই, কেননা বেদ ভগবদ্রূপ হওয়ায় সর্ব্বজ্ঞ ॥২৩॥

এই সর্ব্বজ্ঞ বেদ যে সকল সাধন (অর্থাৎ কারিরী পুত্রেষ্টি জ্যোতিষ্টোমাদি) এবং সেই সেই সাধনের ফল (বৃষ্টিপুত্র স্বর্গাদি) যাহা নির্দ্দেশ করিয়াছেন, নিপুণ ব্যক্তিসকল সেই সেই সাধনের দ্বারা সেই সেই ফল লাভ করিতেছে, সুতরাং বেদবাক্য নির্দ্দোষ ॥২৪॥

অতএব ব্রহ্মাদি দেব, বশিষ্ঠাদি, মহর্ষি এবং মন্বাদি মুনিবৃন্দ এই বেদোক্ত সাধনসকল অনুষ্ঠান করিয়া তত্তৎ ফলপ্রাপ্ত হইয়াছেন ॥২৫॥

ব্রহ্মাদ্যৈরর্চ্চিতোঽপ্যেষ ন চেৎ কৈশ্চিন্নরাধমৈঃ।
ঘূকৈরিব রবি র্নাভিবীক্ষ্যতে তস্য কা ক্ষতিঃ ॥২৬॥
অর্হৎপ্রভৃতয়ঃ শাস্ত্রে স্বকীয়ে যৎ ফলং জগুঃ।
তন্নৈব লভ্যতে কাপি তত্র স্তৎ কল্পিতং ভবেৎ ॥২৭॥
ইতি সিদ্ধান্তদর্পণে নাস্তিকনিরাসঃ প্রথমা প্রভা ॥

টীকাঃ—নন্বু যদীদৃশো বেদ স্তর্হ্যর্হদাদয়ঃ কথং তমবমন্যন্তে ইত্যত্রাহ ব্রহ্মাদ্যৈরিতি। তৈ-র্মহত্তমৈরিদানীন্তনৈশ্চ মহদ্ভিঃ সর্ব্বৈরর্চ্চিতঃ সমাশ্রিতোঽপ্যেষ বেদো যদি সৌগতাদিভিঃ কৈশ্চিন্মনুষ্যাপসদৈ-রুলূকৈ র্ভানুরিব নাভিবীক্ষ্যতে নাঙ্গীক্রিয়তে ইত্যর্থঃ। তর্হি অস্য বেদস্য কা পূজ্যতালক্ষণা ক্ষতিঃ স্যান্ন কাপীতি। যথা দেবমানবাদিভিঃ সর্ব্বৈঃ দৃশ্যমানঃ সূর্য্য স্তরুকোটরেষু নিহ্নুবানৈ র্ঘূকৈ র্ন বীক্ষ্যতে নৈতাবতা তস্য প্রভাবহানি স্তদ্বৎ। তথা চ পামরাণাং কা কথেতি ॥২৬॥

টীকাঃ—অর্হদাদি শাস্ত্রস্য কল্পিতত্বাৎ তদুক্তসাধনাৎ সাধ্যং নাস্তীত্যাহ অর্হদিতি। তে হ্যেবং কল্পয়ন্তি। আত্মা ধর্ম্মাধর্ম্মপুদ্গলকালাকাশাঃ ষট্ পদার্থা স্তেষাং স্যাদস্তীত্যাদিরূপেণ সপ্তভঙ্গিনা ন্যায়েনা-স্থৈর্য্যভাবনং। ঘাত্যঘাতি শব্দবাচ্যেন পাপপুণ্যরূপেণকর্ম্মাষ্টকেন বেষ্টিতস্য জীবস্য সম্যগ্ দর্শনজ্ঞানচারিত্রৈঃ সাধনৈরাবৃত্তে স্তদষ্টকাৎ পঞ্জরাৎ কীরস্যেব বিনির্গতস্য তস্যালোকাকাশ বর্হিন্যামতিবিস্তীর্ণায়াং শিলায়ামারোহো মুক্তিরিতি। ন চৈতৎ কেনাপি কুত্রাপি প্রতীনং মালতীমাধবাদি নাটকার্থবৎ প্রকল্পনয়া নিবন্ধত্বাৎ। ন চ তন্মতস্থানাং কিঞ্চিন্মোক্ষচিহ্নং। প্রত্যক্ষ নারকিত্বেনাবগতত্বাৎ। এবং বৌদ্ধনাঞ্চ ভাবক্ষণিকবাদিনাং ন কাপ্যাস্থেতি কা কথা তেষামিতি নাস্তিকা নিরাকৃতাঃ ॥২৭॥ ইতি প্রথমা প্রভা ব্যাখ্যাতা ॥

বঙ্গানুবাদঃ—তরুকোঠরস্থিত পেচক যদি সূর্য্যকে না দেখে তজ্জন্য সূর্য্যের কোন প্রভাবের যেমন হানি হয় না, সেইরূপ নরপশুগণ বেদ না মানিলেও ব্রহ্মাদি পূজিত বেদের কখনও প্রভাবের হানি হয় না ॥২৬

অর্হৎ প্রভৃতি স্বকীয় শাস্ত্রে যে ফলের কথা বলিয়াছেন, তাহা কেহ কখনও লাভ করে না। সুতরাং তাহা কল্পিত ॥২৭॥ ইতি সিদ্ধান্তদর্পণে নাস্তিকনিরাস নামক প্রথমা প্রভা।

(দ্বিতীয়া প্রভা)

ইতিহাসপুরাণাখ্যো ভাগো যো বাচকস্য সঃ।
কর্ত্তৃবর্জ্জিত এবাস্য ব্যাসঃ প্রাকট্যকৃন্মতঃ ॥১॥

টীকাঃ—অথেতিহাস পুরাণেষু বিষ্ণুভক্তিবাক্যানি বীক্ষ্যাতিখিন্নাং স্তান্যবেদরূপাণি বিবক্ষু-র্মীমাংসকৈকদেশিনঃ কাংশ্চিন্নাস্তিকাভাসান্নিরাকর্ত্তুং প্রবর্ত্ততে। তথাহি। নন্বিতিহাসপুরাণয়ো র্ন বেদত্বং। অষ্টাদশ পুরাণানি কৃত্বা সত্যবতীসুতঃ। চক্রে ভারতমাখ্যানং বেদার্থৈরুপবৃংহিতমিতি স্কান্দে মাৎস্যে চ তয়ো র্ব্যাসকৃতত্বাভিধানাদিতি চেত্তত্রাহেতিহাসেতি। কৃত্বা সত্যবতীসুত শ্চক্রে ইত্যত্র তানি প্রকটয্য তৎ প্রকটয়াম্বভূবেত্যেবার্থঃ। অন্যথাশ্রুতিমুখ্যার্থব্যাকোপাপত্তিঃ। কিঞ্চ, যদ্ব্রাহ্মনানীতিহাসপুরাণানি ইতি ব্রহ্মযজ্ঞে বেদাধ্যয়নে বিনিয়োগাচ্চ তয়োর্বেদত্বং পূরণাৎ পুরাণমিতি বেদপূরকত্বান্নিরুক্তিঃ। নহি ন্যূনস্য স্বর্ণকঙ্কনস্যাত্র পূরণাপূর্ত্তি যুজ্যতে। এবমভিপ্রেত্যোক্তং স্কান্দে যো বেদ চতুরো বেদান্ সাঙ্গোপনিষদো দ্বিজাঃ। পুরাণং নৈব জানাতি ন চ স স্যাদ্বিচক্ষণ ইতি ॥১॥

বঙ্গানুবাদঃ—বাচকবেদের ইতিহাস পুরাণাখ্য যে ভাগ তাহাও কর্ত্তৃবর্জ্জিতই, ব্যাস তাহা প্রকটিত করিয়াছেন মাত্র, ইহাই সুধীজনের মত ॥১॥

মার্কণ্ডেয়াদি সংজ্ঞা তু কাঠকাদিবদিষ্যতাং ॥২॥
বেদেঽপি যেতিহাসাদৌ শূদ্রস্যাপ্যধিকারিতা।
নির্দেশাদ্রথকারাদেরিব জ্ঞেয়া ক্বচিত্তু সা ॥৩॥
ইতীতিহাসাদিপৌরুষেয়ত্ববাদনিরাসো দ্বিতীয়া প্রভা ॥

টীকা ঃ—নন্বু বেদশ্চেত্তদ্ভাগ সুর্হ্যনাদৌ তস্মিন্ মার্কণ্ডেয়াদিসংজ্ঞা কথং তত্রাহ মার্কণ্ডেয়াদীতি। মার্কণ্ডেয়েনোচ্চারিতং মার্কণ্ডেয়মিত্যেবমাদি বিধয়াতদ্ভু ৎপত্তিঃ কাঠকাদিবন্মন্তব্যা ॥২॥

টীকা ঃ—এবং চেত্তদ্ভাগে শূদ্রাধিকারঃ কথং তত্রাহ বেদেঽপীতি। "বর্ষাসু রথকারোঽগ্নীনাদধীতেতি" বিধিরূপবেদনির্দেশাদেবাধানমাত্রেঽপেক্ষিত্বাদ্। "ঋতূনাং ত্বাদেবানাং ব্রতপতে ব্রতেনাদধামী"ত্যাধানাঙ্গভূতমন্ত্রমাত্রে চ রথকারস্য সুধন্বাপরনাম্নঃ সঙ্কর জাতেরদ্বিজস্যাধিকারোঽন্যথা বিধিব্যাকোপাপত্তেঃ, ন তু উত্তর কর্ম্মনি তদুপযুক্তেঽধ্যয়নে বা। তথা তন্নির্দেশাদেব তদ্ভাগে বেদেঽপি তস্যাধিকারো ন তু তদন্যস্মিন্ন গাদাবিতি। আদিপদা"ন্নিষাদস্থপতিং যাজয়ে"দিতি গ্রাহ্যং। অত্র নিষাদাভিন্নস্য স্থপতেরুক্তভাগমাত্রে তদঙ্গমন্ত্রমাত্রে চাধিকারো ন তু তদতিরিক্তে পাঠে তদুক্তে কর্ম্মনি বেতি ॥৩॥ ইতি দ্বিতীয়া প্রভা ব্যাখ্যাতা।

বঙ্গানুবাদঃ—বেদভাগের মার্কণ্ডেয়াদি যে সংজ্ঞা তাহাও কাঠকাদিবৎ বুঝিতে হইবে ॥২॥

বেদভাগ ইতিহাসাদিতে শূদ্রের যে অধিকারিতা তাহা বেদের নির্দ্দেশ হেতু রথকারাদির অধিকারিতার ন্যায় ক্বচিৎ বুঝিতে হইবে, বেদের সর্ব্বত্র তাহা নহে ॥৩॥ ইতি ইতিহাসাদি পৌরুষেয়ত্ববাদ নিরাস নামক দ্বিতীয়া প্রভা ॥

(তৃতীয় প্রভা)

নন্বৃগাদিঃ পুরাণান্তো বেদো নিত্যোঽস্তু কিন্ত্বদঃ।
সংপ্রতি প্রচরদ্ভূমৌ শ্রীমদ্ভাগবতাভিধং।
অষ্টাদশাতিরিক্তত্বাদ্বেদরূপং ন সম্ভবেৎ ॥১॥

টীকা ঃ—এবমবেদত্বশঙ্কাপঙ্কে দুর্বীভি র্রর্পিতে প্রক্ষালিতে কেচিদ্বেদং স্বীকুর্ব্বন্তোঽপি শৈবাদয়ো বিষ্ণুপারতম্যৈকনিরূপকে শ্রীভাগবতে বিদ্বেষিণঃ শঙ্কন্তে নন্বিতি। ঋগাদেঃ পুরাণান্তস্য বেদস্যোক্তৈ র্হেতুভি নিত্যত্বং যত্ত্বয়োক্তং তন্ময়া স্বীকৃতং কিন্তু শুকপরীক্ষিৎ সম্বাদিতয়া ভুবি সম্প্রতি যৎ প্রচরতি তদিদং ভাগবতং বেদরূপং ন ভবেৎ। যদিদমষ্টাদশভ্যোঽতিরিক্তং প্রতীয়তে ॥১॥

বঙ্গানুবাদঃ—

